



ইসলামিক ফাউন্ডেশন

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭

॥প্রেস বিজ্ঞপ্তি॥

জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় সিদ্ধান্ত

পবিত্র রজব মাসের চাঁদ দেখা যায় নি

আগামী ২০ মার্চ থেকে পবিত্র রজব মাস গণনা শুরু

১৪ এপ্রিল শনিবার দিবাগত রাতে সারাদেশে পবিত্র লাইলাতুল মিরাজ পালিত হবে

ঢাকা, রবিবার, ১৮ মার্চ ২০১৮।

বাংলাদেশের আকাশে আজ ১৪৩৯ হিজরি সনের পবিত্র রজব মাসের চাঁদ দেখা যায় নি। ফলে আগামীকাল ১৯ মার্চ ২০১৮ খ্রি পবিত্র জমাদিউস সানি মাস ৩০ দিন পূর্ণ হবে এবং আগামী ২০ মার্চ ২০১৮ খ্রি মঙ্গলবার থেকে পবিত্র রজব মাস গণনা শুরু হবে। প্রেক্ষিতে, আগামী ১৪ এপ্রিল শনিবার দিবাগত রাতে সারাদেশে পবিত্র লাইলাতুল মিরাজ পালিত হবে।

আজ সন্ধ্যায় ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মুকাররম সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। এতে সভাপতিত্ব করেন ধর্ম মন্ত্রনালয়ের যুগ্ম সচিব এ. বি. এম আমিন উল্লাহ নূরী।

সভায় তথ্য মন্ত্রনালয়ের যুগ্ম সচিব মোঃ মিজান-উল-আলম, মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্ম সচিব মোঃ সাইদুর রহমান, ইসলামিক ফাউন্ডেশনের সচিব কাজী নুরুল্ল ইসলাম, উপ- প্রধান তথ্য কর্মকর্তা মুঃ সাইফুল্লাহ, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠানের চেয়ারম্যান জিয়াউল হাসান (এনডিসি), ঢাকা জেলার আরডিসি মোঃ ইলিয়াস মেহেদী, ওয়াক্রফ প্রশাসক মোঃ শহীদুল ইসলাম, বাংলাদেশ টেলিভিশনের পরিচালক মোঃ ইউসুফ আলী, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পরিচালক মোঃ আবদুর রহমান, চকবাজার শাহী জামে মসজিদের খতীব মাওলানা শেখ নাসীম রেজওয়ান ও লালবাগ শাহী জামে মসজিদের খতিব আবু রায়হান প্রযুক্ত উপস্থিত ছিলেন।

সভায় ১৪৩৯ হিজরি সনের পবিত্র রজব মাসের চাঁদ দেখা সম্পর্কে সকল জেলা প্রশাসন, ইসলামিক ফাউন্ডেশন-এর প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহ, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এবং মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্য নিয়ে পর্যালোচনা করে দেখা যায় যে, অদ্য ২৯ জমাদিউস সানি ১৪৩৯ হিজরি, ৪ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ, ১৮ মার্চ ২০১৮ খ্রি রবিবার সন্ধ্যায় বাংলাদেশের আকাশে পবিত্র রজব মাসের চাঁদ দেখা যায় নি। এমতাবস্থায়, আগামীকাল ৫ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ, ১৯ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ সোমবার পবিত্র জমাদিউস সানি মাস ৩০ দিন পূর্ণ হবে এবং আগামী ৬ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ, ২০ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ মঙ্গলবার থেকে পবিত্র রজব মাস গণনা শুরু হবে। প্রেক্ষিতে, আগামী ২৬ রজব ১৪৩৯ হিজরি, ১ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ, ১৪ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ শনিবার দিবাগত রাতে সারাদেশে পবিত্র লাইলাতুল মিরাজ পালিত হবে।

(শায়লা শারমীন)

সহকারি জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৫৫-৩৫৩৬২৭৬,

০১৭১-৭০৩৮০৬৬